



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ ডিসেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে ইউপিডিএফ'র দুই কর্মীর ওপর সন্ত্রাসী হামলার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ ১৪ ডিসেম্বর ২০২১, মঙ্গলবার সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে খাগড়াছড়ি সদর উপজেলার গিরিফুল এলাকায় রাষ্ট্রীয় মদদপুষ্ট সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ'র দুই কর্মীর ওপর হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ দুপুর ১২টার সময় খাগড়াছড়ি সদর উপজেলার পেরাছড়া ইউনিয়নের গিরিফুল এলাকায় সাংগঠনিক কাজে নিয়োজিত ইউপিডিএফ'র দুই কর্মীকে লক্ষ্য করে রাষ্ট্রীয় মদদপুষ্ট সন্ত্রাসীরা অতর্কিতে গুলিবর্ষণ করে। তবে গুলি লক্ষ্যভ্রষ্ট হওয়ায় তারা পালিয়ে প্রাণে রক্ষা পান। সন্ত্রাসীরা তাদের আস্তানা ভাইবোন ছড়া ইউপি'র দেওয়ান পাড়ার দিক থেকে মোটর সাইকেলযোগে এসে এই হামলা সংঘটিত করে। হামলার পর সন্ত্রাসীরা মোটর সাইকেলে করে খাগড়াছড়ি সদরের দিকে পালিয়ে যায়। সন্ত্রাসীরা সংখ্যায় ৩ জন ছিল বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন।

বিবৃতিতে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, ইউপিডিএফ পার্বত্য চট্টগ্রামে সংঘাত-হানাহানি বন্ধের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। কিন্তু শাসকগোষ্ঠী একটি চিহ্নিত সন্ত্রাসী গোষ্ঠীকে আশ্রয়-প্রশ্রয় ও মদদ দিয়ে সংঘাত জিইয়ে রাখতে মরিয়া হয়ে অপতৎপরতা চালাচ্ছে। যার অংশ হিসেবে আজকে সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে ইউপিডিএফ কর্মীদের ওপর হামলা চালানো হয়েছে।

বিবৃতিতে অংগ্য মারমা অবিলম্বে সন্ত্রাসীদের মদদ ও আশ্রয়-প্রশ্রয়দান বন্ধ করে হামলাকারী সশস্ত্র দুর্বৃত্তদের গ্রেফতারের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)